**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৬২/২০১৭-১৮**

**ঢাকা, শনিবার ১৭ ফেব্রুয়ারি ২০১৮, ৫ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী দেশে ফিরছেন আজ

২। স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে প্রথম দফায় মিয়ানমারকে আট হাজার রোহিঙ্গার তালিকা হস্তান্তর

৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ রাখতে হবে :
জাতিসংঘে স্থায়ী প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়ে পররাষ্ট্র সচিব

৪। তথ্যপ্রযুক্তি এখন শিক্ষার্থীদের নখদর্পণে : স্পিকার

৫। অঞ্চলভিত্তিক সুষম উন্নয়ন করে যাচ্ছে বর্তমান সরকার : শিল্পমন্ত্রী

৬। বিজ্ঞানের মৌলিক বিষয়গুলোর চর্চা বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী

৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ে '৭১-এর গণহত্যার 'চলমান জাদুঘর' কার্যক্রম উদ্বোধন

৮। মানবাধিকার কমিশনের হটলাইন '১৬১০৮' মার্চে চালু হচ্ছে

চলমানপাতা/২

**১। প্রধানমন্ত্রী দেশে ফিরছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট (ইফাদ)'র পরিচালনা পর্ষদের ৪১তম বার্ষিক অধিবেশনে অংশগ্রহণ এবং ভ্যাটিকান সফর শেষে আবুধাবিতে যাত্রাবিরতির পর আজ **১৭** ফেব্রুয়ারি শনিবার রাতে দেশে ফিরছেন। পোপ ফ্রান্সিস ও আইএফএডির প্রেসিডেন্ট গিলবার্ট এফ হংবোর আমন্ত্রণে চার দিনের সরকারি সফরে গত **১১** ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী রোম যান। সফর শেষে **১৫** ফেব্রুয়ারি স্থানীয় সময় সকালে রোম থেকে আবুধাবি পৌঁছেছেন তিনি। গত সোমবার ভ্যাটিকান সফর করে পোপ ফ্রান্সিসের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরদিন মঙ্গলবার আইএফএডির ৪১তম গভর্নিং কাউন্সিলের সভায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন তিনি। ঐ দিন বিকেলে রোমে প্রবাসী বাংলাদেশিদের এক সংবর্ধনা সভায় যোগ দেন তিনি। এ ছাড়া রোমে জাতিসংঘের বিশ্ব খাদ্য সংস্থার নির্বাহী পরিচালকের সঙ্গেও বৈঠক করেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক (পৃ.১,ক.৮), সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**২। স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে প্রথম দফায় মিয়ানমারকে আট হাজার রোহিঙ্গার তালিকা হস্তান্তর**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, নিপীড়নের মুখে পালিয়ে আসা এক হাজার ৬৭৩টি পরিবারের ৮ হাজার ৩২ জন রোহিঙ্গার তালিকা মিয়ানমারকে দিয়েছে বাংলাদেশ। রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার প্রাথমিক উদ্যোগ হিসেবে বাংলাদেশ ও মিয়ানমারের স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে এ তালিকা দেওয়া হয়েছে। গতকাল (**১৬** ফেব্রুয়ারি শুক্রবার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এবং মিয়ানমারের স্বরাষ্ট্রমন্ত্রী লেফটেন্যান্ট জেনারেল কিয়াও সোয়ের নেতৃত্বে এ বৈঠক হয়। বৈঠকে বাংলাদেশের প্রতিনিধি দলে **১৮** জন ও মিয়ানমারের প্রতিনিধি দলে **১৫** জন সদস্য অংশ নেন। রোহিঙ্গা সংকট নিরসনে জাতিসংঘের কফি আনান কমিশনের সুপারিশমালা বাস্তবায়নের ওপরও গুরুত্ব দেওয়া হয় দু'দেশের স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের এ বৈঠকে। এছাড়া মিয়ানমার প্রতিনিধিরা তাদের সীমান্তে থাকা ইয়াবার ৪৯টি কারখানা বন্ধ করার আশ্বাস দিয়েছেন বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। সূত্র-**ইত্তেফাক (পৃ.১,ক.১), জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ রাখতে হবে :**
**জাতিসংঘে স্থায়ী প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়ে পররাষ্ট্র সচিব**

রোহিঙ্গাদের প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক। গত **১৫** ফেব্রুয়ারি বৃহস্পতিবার জাতিসংঘে বিভিন্ন দেশের স্থায়ী প্রতিনিধিদের এক মতবিনিময় অনুষ্ঠানে তিনি বলেছেন, রোহিঙ্গা সমস্যার টেকসই সমাধানে এগিয়ে না আসলে উদ্ভূত দায় আন্তর্জাতিক সম্প্রদায়কেই বহন করতে হবে। জাতিসংঘে বাংলাদেশ মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে এ মতবিনিময় হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৪। তথ্যপ্রযুক্তি এখন শিক্ষার্থীদের নখদর্পণে : স্পিকার**

মেধা অমূল্য সম্পদ উল্লেখ করে শিক্ষার্থীদের উদ্দেশে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, তথ্যপ্রযুক্তি এখন শিক্ষার্থীদের নখদর্পণে। প্রযুক্তিগুলো ব্যবহার করে জীবনকে প্রতিষ্ঠিত করতে হবে। বিশ্বায়নের যুগে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য নিজেদের সুশিক্ষিত হিসেবে গড়ে তুলতে হবে। আর এর মাধ্যমেই দেশও মধ্যম আয়ের দিকে এগিয়ে যাবে। গতকাল (**১৬** ফেব্রুয়ারি শুক্রবার) রংপুরের পীরগঞ্জ উপজেলার পীরগঞ্জ মহাবিদ্যালয়ে কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**৫। অঞ্চলভিত্তিক সুষম উন্নয়ন করে যাচ্ছে বর্তমান সরকার : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, বর্তমান সরকার অঞ্চলভিত্তিক সুষম উন্নয়ন করে যাচ্ছে এবং বিভিন্ন অঞ্চলের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে সমান্তরাল উন্নয়ন সূচিত করেছে। পদ্মা সেতু ও পায়রা বন্দর নির্মাণের মধ্য দিয়ে দক্ষিণাঞ্চলকে অর্থনৈতিক উন্নয়ন ও অগ্রযাত্রায় সামিল করা হচ্ছে। এ উন্নয়নের সঙ্গে সামঞ্জস্য রেখে মংলা বন্দরকেও আধুনিকায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে দক্ষিণ পশ্চিমাঞ্চলও অর্থনৈতিকভাবে এগিয়ে যাবে। তিনি গতকাল (১৬ ফেব্রুয়ারি শুক্রবার) ঝালকাঠি সদর উপজেলার শেখেরহাট ইউনিয়নের রোকেয়া খাতুন বালিকা বিদ্যালয় মাঠে তৃণমূল নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

**৬। বিজ্ঞানের মৌলিক বিষয়গুলোর চর্চা বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকার বিজ্ঞান শিক্ষায় গুরুত্ব দিচ্ছে। বিজ্ঞানের মৌলিক বিষয়গুলোতে চর্চা আরও বাড়াতে হবে। দেশের উন্নয়নে বিজ্ঞানচর্চার সঙ্গে প্রযুক্তির সমন্বয় ঘটাতে হবে। অষ্টম বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াডের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। গতকাল (১৬ ফেব্রুয়ারি শুক্রবার) বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

**৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ে '৭১-এর গণহত্যার 'চলমান জাদুঘর' কার্যক্রম উদ্বোধন**

মুক্তিযুদ্ধ চলাকালীন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত গণহত্যা নতুন প্রজন্মের কাছে পরিচিত করতে শুরু হয়েছে 'চলমান জাদুঘর :৭১'-এর ঢাকা বিশ্ববিদ্যালয় ও জেনোসাইড শীর্ষক শিক্ষা সফর কার্যক্রম। গতকাল (১৬ ফেব্রুয়ারি শুক্রবার) বিশ্ববিদ্যালয়ের বটতলা প্রাঙ্গণে 'সেন্টার ফর জেনোসাইড স্টাডিজে'র উদ্যোগে এ কার্যক্রমের উদ্বোধন করেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সংস্কৃতিমন্ত্রী বলেন, গণহত্যার 'চলমান জাদুঘর'-এর মাধ্যমে নতুন ইতিহাস জানার সুযোগ হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১৫,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৮। মানবাধিকার কমিশনের হটলাইন '১৬১০৮' মার্চে চালু হচ্ছে**

শিশু নির্যাতনসহ মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ জানাতে 'হটলাইন' চালু করছে জাতীয় মানবাধিকার কমিশন। টোল ফ্রি '**১৬১০৮**' হটলাইন নম্বরের কার্যক্রম শুরু হবে মার্চ মাস থেকে। হটলাইনের বিষয়ে কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, জনবল কম থাকায় অফিস আওয়ারে এ নম্বর চালু থাকবে। এখানে অভিযোগগুলো রেকর্ড করে রাখা হবে। অভিযোগ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। গত ১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার 'শিশুর প্রতি সহিংসতা বন্ধে স্থানীয় এবং জাতীয় পর্যায়ে সরকারের বাজেট পর্যালোচনা' শীর্ষক এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের গোলচক্করে যানজটের কারণে গড়ে প্রতিদিন ২০০ যাত্রীর ফ্লাইট মিস করার পরপ্রেক্ষিতে এ যানজট নিরসনে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** সন্ত্রাস দমন আইনে করা মামলায় জঙ্গিদের জামিন বন্ধে রাষ্ট্রপক্ষকে জোরালো ভূমিকা নেওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** বাংলাদেশে বছরে প্রায় ১৩ হাজার শিশু ক্যান্সারে আক্রান্ত হওয়ার বিষয় তুলে ধরে শিশুদের ক্যান্সার প্রতিরোধে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** রাসায়নিক বর্জ্যে কুমিল্লার দাউদকান্দিতে প্রায় ২০ বিঘা জমির ফসল নষ্ট হওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা।

ঙ. **সমকাল :** হজযাত্রীদের বিমান ভাড়া প্রায় তিনগুণ বেশি গুণতে হওয়ার বিষয় তুলে ধরে বিদ্যমান পরিস্থিতি আমলে নিয়ে যৌক্তিক ব্যবস্থা গ্রহণের আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ইটভাটাগুলোতে পরিবেশ-বান্ধব ১২০ থেকে ১৩০ ফুট উচ্চতার চিমনি বসানোর ও কয়লা পোড়ানোর বিধান ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর আইনে পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

ছ. **ডেইলি সান :** চট্টগ্রামে বসুন্ধরা গ্রুপের বিভিন্ন বড় বড় প্রকল্পের দ্বারা প্রায় ৪০ হাজার কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগকে স্বাগত জানিয়ে দেশের উন্নয়নে তা ব্যাপক অবদান রাখবে বলে প্রত্যাশা।

জ. **নিউ নেশন :** কৃষকদের বিষাক্ত রাসায়নিক সারের পরিবর্তে অর্গানিক সার ব্যবস্থাকে উৎসাহিত করতে সরকারি পর্যায়ে প্রচারণা চালানোসহ মনিটরিং ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** বাংলাদেশি প্রবাসীদের জন্য পৃথক কল্যাণ ফান্ড ও বোর্ড গঠনের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

#

শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৮/৯.০০ঘণ্টা